৩৪

দৈনিক ইত্তেফাক

তারিখ 27 OCT 1998
পৃষ্ঠা ২৮ কলাম ৪

# বিশ্ববিদ্যালয়ে ভর্তি হওয়া ১৮ ভুয়া ছাত্র চিহ্নিত

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়ে সীল-স্বাক্ষর জাল করিয়া অবৈধ উপায়ে ভর্তি হইয়াছে এমন ১৮ জন ভুয়া ছাত্রকে চিহ্নিত করা হইয়াছে। ইহারা সকলেই অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান,

(১৫শ পৃষ্ঠায় ২-এর কঃ দ্রঃ)

## চিহ্নিত

(শেষ পৃষ্ঠার পর)

সমাজবিজ্ঞান এবং আন্তর্জাতিক সম্পক বিভাগের ছাত্র-ছাত্রী। গত অনার্স পরীক্ষায় তাহারা অংশ নেয়। কয়েকমাস পূবে রাষ্ট্রবিজ্ঞান বিভাগে দুইজন ভুয়া ছাত্র ধরা পড়ার পর বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক গঠিত তদন্ত কমিটি গতকাল (সোমবার) প্রকাশিত তাহাদের রিপোর্টে এই ১৮ জনকে চিহ্নিত করিয়াছে। প্রাণীবিদ্যা বিভাগের অধ্যাপক এম. শাহাদত আলীর নেতৃত্বে তদন্ত কমিটি গতকাল ভিসির নিকট প্রদত্ত রিপোর্টে বিশ্ববিদ্যালয়ে ভুয়া ভর্তি চক্র উদঘাটনের জন্য একটি উচ্চ পর্যায়ের তদন্ত কমিটি গঠনের সুপারিশ করিয়াছে। সুপারিশে রেজিস্ট্রারকে সেই কমিটিতে না রাখার জন্য বলা হয়। কমিটি চিহ্নিত এই ১৮ জন ভুয়া ছাত্রের ভর্তি বাতিল ও সার্টিফিকেট বাজেয়াপ্ত করার সুপারিশ করে।